

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৪৫

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা বনী ইসরাঈল

بَابُّ: وَمِنْ سُورَةِ بَنِي إِسْرَائِيلَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَیْد، حَدَّثَنَا سُلَیْمَانُ بْنُ دَاوُدَ، عَنْ شُعْبَةَ، عَنْ أَبِي بِشْرٍ، عَنْ سَعِید بْنِ جُبَیْرٍ، عَنِ ابْنِ جُبَیْرٍ، عَنِ ابْنِ عَبّاسٍ، وَهُشَیْم، عَنْ أَبِي بِشْر، عَنْ سَعِید بْنِ جُبَیْرٍ، عَنِ ابْنِ عَبّاسٍ : (وَلاَ تَجْهَرْ بِصَلاَتِكَ) قَالَ نَزَلَتْ بِمَكَّةَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله علیه وسلم إِذَا رَفَعَ صَوْتَهُ بِالْقُرْآنِ سَبَّهُ الْمُشْرِكُونَ وَمَنْ أَنْزَلَهُ وَمَنْ جَاءَ بِهِ فَأَنْزَلَ اللَّهُ : (وَلاَ تَجْهَرْ بِصَلاَتِكَ) فَيسُبُوا الْقُرْآنِ سَبَّهُ الْمُشْرِكُونَ وَمَنْ جَاءَ بِهِ : (وَلاَ تُخَافِتْ بِهَا) عَنْ أَصْحَابِكَ بِأَنْ تُسْمِعَهُمْ حَتَّى يَأْخُذُوا عَنْكَ الْقُرْآنَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩১৪৫. আবদ ইবন হুমায়দ (রহঃ) সাঈদ ইবন জুবায়র রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। অন্য সনদে আবদ ইবন হুমায়দ (রহঃ) ... ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিতঃ (وَلَا تَجْهُرُ بِصِلَالِتِك) _ সালাতে স্বর উচ্চ করবে না এবং অতিশয় ক্ষীণও করবে না (১৭ঃ ১১০)। তিনি আয়াতটি প্রসঙ্গে বলেন, এটি মক্কায় নাযিল হয়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি উচ্চঃস্বরে তিলাওয়াত করতেন তবে মুশরিকরা স্বয়ং কুরআন এবং কুরআন যিনি নাযিল করেছেন আর যিনি নিয়ে এসেছেন সকলকে গালি-গালাজ করত।

তখন আল্লাহ্ তাআলা নাযিল করেনঃ 'সালাতে স্বর উচ্চ করবে না।' তা করলে এরা কুরআন এবং তা যিনি নাযিল করেছেন এবং যিনি নিয়ে এসেছেন সকলকে গালি দিবে। এদিকে 'আপনার সঙ্গীদের থেকে আওয়াজ অতিশয় ক্ষীনও করবেন না।' বরং তাদেরকে আপনি শুনাবেন যেন তারা আপনার নিকট থেকে কুরআন গ্রহণ করতে পারে।

সহীহ, বুখারি ৪৭২২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৪৫ [আল মাদানী প্রকাশনী]
(আবু ঈসা বলেন)এ হাদীসটি হাসান-সহীহ।



English

Narrated Sa'eed bin Jubair:

from Ibn 'Abbas, regarding: 'And offer your Salat neither aloud nor in a low voice (17:110)." He said: "It was revealed in Makkah. When the Messenger of Allah (**) would raise his voice with the Qur'an, the idolaters would insult him, the One Who revealed it, and the one who came with it. So Allah revealed: And offer your Salat neither aloud so that they would not insult the Qur'an and the One who revealed it, and the one who came with it, nor in a low voice (too low) such that you can let your Companions hear it, and learn it from you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু যুবায়র (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন